

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া



প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ০৫:৪৯ PM



ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অপ্রাপ্ত বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোমবার রাতে তাদের সবাইকে পরিবারের জিম্মায় দেওয়া হয়।

ব্রাহ্মণবাড়িয়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খাইরুল আলম বলেন, যেসব এলাকায় কিশোর গ্যাংয়ের সদস্যরা অপরাধ করতে পারে, সেসব এলাকায় নিয়মিত অভিযান চালাচ্ছে পুলিশ। এই অভিযান প্রতিদিন চলবে। অভিযানে উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা করা ৪২ কিশোরকে আটক করা হয়। তারা কেউই কিশোর গ্যাংয়ের সঙ্গে সম্পৃক্ত নয়। অপ্রাপ্তবয়স্ক হওয়ায় অভিভাবকদের অনুরোধে মুচলেকা নিয়ে তাদের পরিবারের জিম্মায় দেওয়া হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল সন্ধ্যায় ব্রাহ্মণবাড়িয়া শহরের পুনিয়াউট, দাতিয়ারা, রেলস্টেশন, অবকাশ পার্ক, কান্দিপাড়া, টেংকের পাড়, মেডডাসহ বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান চালায় সদর থানা পুলিশ। এ সময় উদ্দেশ্যহীনভাবে ঘোরাফেরা করা ৪২ কিশোরকে আটক করা

হয়। তাদের বিরুদ্ধে কিশোর গ্যাংয়ের সঙ্গে সম্পৃক্ততার তথ্য ও অভিযোগ পায়নি পুলিশ। মুচলেকা নিয়ে তাদের পরিবারের জিম্মায় দেওয়া হয়। একই সঙ্গে ভবিষ্যতে কোনো ধরনের অপরাধে জড়িত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে অভিভাবকদের সতর্ক করা হয়েছে।

সদর থানার ওসি খাইরুল আলম বলেন, সারা দেশের মতো ব্রাহ্মণবাড়িয়া শহরেও কিশোর গ্যাংবিরোধী অভিযান পরিচালনা করা হচ্ছে। গতকাল সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত পড়াশোনা ও প্রয়োজনীয় কাজ ছাড়া অকারণে বাইরে আড্ডা দেওয়াসহ অপরাধপ্রবণ এলাকায় পাওয়া কিশোরদের আটক করা হয়। এভাবে ঘোরাফেরা করলে তারা একসময় যেকোনো অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত পড়ার আশঙ্কা থাকায় অভিভাবকদের সতর্ক করা হয়েছে। কিশোর গ্যাংয়ের অপতৎপরতা ও অপরাধপ্রবণতা প্রতিরোধে এই অভিযান চলবে।

এ বিভাগের আরও খবর



টেম্ভারবাজি-চাঁদাবাজির মাধ্যমে মানুষকে শোষণ করছে সরকার: শিবির সেক্রেটারি
ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল সিবগাতুল্লাহ সিবগা অভিযোগ করে বলেছেন, নতুন সরকার জনগণের অধিকার খর্ব করছে। টেম্ভারবাজি ও চাঁদাবাজির মা...



মাদারীপুরে ৫০ পিস ইয়াবাসহ তরুণী গ্রেপ্তার
মাদারীপুর পৌর শহরের কলেজ রোড এলাকায় অভিযান চালিয়ে ৫০ পিস ইয়াবাসহ নারীসহ তিনজনকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (৬ অক্টো...



ঝালকাঠিতে গভীর রাতে ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন
ঝালকাঠি শহরে গভীর রাতে চিকিৎসাসেবা নিশ্চিত করতে ওষুধের ফার্মেসি ও ডায়াগনস্টিক সেন্টার খোলা রাখার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। বুধবার ৭ অক...



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-kishor-gjangbirodhi-obhijane-atk-42-pre-muchlekay-chhara>